গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
নেজারত শাখা
www.sylhet.gov.bd

স্মারক: ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৬.২১.২৮২

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ / ০৫ ডিসেম্বর ২০২১

বিষয়: মহান বিজয় দিবস ২০২১ উদযাপন উপলক্ষে শপথ অনুষ্ঠানে অংশগ্রহণ

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের ০২ ডিসেম্বর ২০২১ তারিখের ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৬.২০২১-২৭৯ নম্বর স্মারক

মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে উদযাপনের নিমিত্ত প্রস্তুতিমূলক সভার সিদ্ধান্তমতে গত ২৩ নভেম্বর ২০২১ তারিখের ০৫.৪৬.৯১০০.০০৭.২৩.০০৬.২১.৩৬৮ নম্বর স্মারকে কার্যবিবরণী প্রেরণ করা হয়। কার্যবিবরণীর ১৪ নম্বর ক্রমিকে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকায় জেলা স্টেডিয়াম, সিলেটে প্রীতি ফুটবল প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল।

২। কিন্তু সূত্রোক্ত স্মারকে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৪.০০ ঘটিকায় মাননীয় প্রধানমন্ত্রী দেশব্যাপী শপথ বাক্য পাঠ করাবেন মর্মে 'শপথ অনুষ্ঠান' আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

৩। এমতাবস্থায়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ বিকাল ৩.৩০ ঘটিকা থেকে জেলা স্টেডিয়াম, সিলেটে অনুষ্ঠিতব্য শপথ অনুষ্ঠানে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো এবং প্রস্তুতিসভার কার্যবিবরণীর ১৪ নম্বর ক্রমিকে প্রীতি ফুটবল প্রতিযোগিতার পরিবর্তে 'শপথ অনুষ্ঠান' অন্তর্ভূক্ত করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা

০৫/১২/২১

এ.এইচ.এম মাহফুজুর রহমান
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিলেট
☎ ০২৯৯৬৬৩১০২০

বিতরণ:

সিনিয়র প্রধান শিক্ষক ...
সিলেট

অনুলিপি:
০১। গোপনীয় সহকারী, জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।

Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## প্রধানমন্ত্রীর কার্যালয়

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

মুজিব শতবর্ষ

পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.৪৬.০২৬.২০২১- ২৭৯

১৭ অগ্রহায়ণ ১৪২৮
তারিখ ০২ ডিসেম্বর ২০২১

**বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে দেশব্যাপী 'শপথ অনুষ্ঠান' আয়োজন সংক্রান্ত।**

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষ্যে 'শপথ অনুষ্ঠান' আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসে বিকাল ০৪:০০ টায় সারাদেশে একযোগে অনুষ্ঠিত হবে। দেশব্যাপী সকল শ্রেণী-পেশার মানুষ উক্ত শপথে অংশগ্রহণ করবেন।

০২। **গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা শপথ বাক্য পাঠ করাবেন।** জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজা থেকে মাননীয় প্রধানমন্ত্রী ভার্চুয়ালি সারাদেশের সাথে সংযুক্ত থাকবেন।

০৩। শপথ অনুষ্ঠানের একটি সম্ভাব্য কর্মসূচি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির পক্ষ থেকে একটি বিস্তারিত গাইডলাইন অবিলম্বে প্রেরণ করা হবে।

০৪। সকল বিভাগ/ জেলা/ উপজেলায় স্টেডিয়াম/ মহান বিজয় দিবসের নির্ধারিত ভেন্যুতে বর্ণিত 'শপথ অনুষ্ঠান'টি আয়োজন করার পরামর্শ প্রদান করা হলো।

০৫। বর্ণিত শপথ অনুষ্ঠানের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২/১২/২১

(মোঃ ওসমান গনি)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৪৩৫
ইমেইলঃ section.dir15@pmo.gov.bd

**বিতরণঃ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. ড. কামাল আবদুল নাসের চৌধুরী, প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি;
২. সিনিয়র সচিব/ সচিব ....................................(সকল);
৩. বিভাগীয় কমিশনার (সকল);
৪. জেলা প্রশাসক (সকল);
৫. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৬. ........................................................।

**অনুলিপিঃ জ্ঞাতার্থে**

১. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২. মহাপরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩. পরিচালক (সকল), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা; *(মুখ্য সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)*
৫. সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা। *(সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)*